গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা
Web site : www.akcc.gov.bd

দূরালাপনীঃ ০২৪৭৭-৭২২৬১৮
E-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

তারিখ: ৩০/০৬/২০২৫ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বিবিএ অনার্স ১ম বর্ষ শ্রেণিতে ১ম মেধা তালিকা থেকে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ভর্তি পরীক্ষার ফলাফল www.nu.ac.bd/admissions ওয়েব সাইটে পাওয়া যাবে।

১। ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্তদের অনলাইনে ভর্তি ফরম পূরণ : ২৯/০৬/২০২৫ খ্রি. থেকে ১৫/০৭/২০২৫ খ্রি.পর্যন্ত।

২। সংশ্লিষ্ট বিভাগে কাগজ পত্র জমা দেয়ার তারিখ : ০১/০৭/২০২৫ খ্রি. থেকে ১৬/০৭/২০২৫ খ্রি.পর্যন্ত।

৩। **ক্লাশ শুরুর তারিখ : ২১/০৭/২০২৫ খ্রি.**

### ১। ভর্তির প্রক্রিয়া:

ক) শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। ছাত্র-ছাত্রী বিষয় পরিবর্তন করতে চাইলে ভর্তির ফরম অনলাইন থেকে ওঠানোর সময় বিষয় পরিবর্তন অপশনে Yes এবং ইচ্ছুক না হলে -No ক্লিক করতে হবে। প্রদর্শিত ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করে Submit করার পরে ডাউনলোড করতে হবে । ডাউনলোডকৃত ভর্তি ফরমটি $A_4$ সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করতে হবে।

খ) এরপর আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা এর ভর্তির ওয়েব সাইট (https://www.akcc.eshiksabd.com) গিয়ে User Name: akccstudent ও Password: akcstudent দিয়ে Login করার পর Admission এ ক্লিক করে Click for New Admission ক্লিক করতে হবে। **Select Group** থেকে **Hons** সিলেক্ট করে, **Select Department** থেকে যে বিভাগে ভর্তি হতে চায় তা সিলেক্ট করে **NU Admission Roll** দিয়ে **Check for Admission** এ ক্লিক করতে হবে। শিক্ষার্থী তথ্য সমূহ যথাযথভাবে পূরণ করে **Save** এ ক্লিক করলে টাকার পরিমানসহ পূরণকৃত ভর্তি ফরম আসবে। শিক্ষার্থীরা **bKash/Nagad/rocket** ও **Sonali-e সেবা** এ **NU Admission Roll** দিয়ে নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে রোল পড়বে এবং অভিভাবকের মোবাইল নম্বরে ভর্তি সম্পন্ন হওয়ার **SMS** যাবে। এরপর শিক্ষার্থীকে **Application Form Reprint** এ ক্লিক করে **Admission Roll** দিয়ে পূরণকৃত ভর্তির ফরম ডাউনলোড করে $A_4$ সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করতে হবে।

গ) বিকাশ/নগদ/রকেট ও সোনালী-ই সেবার মাধ্যমে কলেজের সেশন চার্জ বাবদ মোট **৫১১০/- (পাঁচ হাজার একশত দশ টাকা)** পরিশোধের পর Payment Slip প্রিন্ট করতে হবে। **টাকা পরিশোধের জন্য শিক্ষার্থীদের রোল নম্বরের স্থানে অবশ্যই প্রাথমিক আবেদনপত্রের রোল নম্বর লিখতে হবে।**

২। **প্রয়োজনীয় কাগজপত্র জমা :** জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০৩ কপি (শিক্ষার্থীর কপি ১টি ও কলেজ কপি ২টি), কলেজ ওয়েব সাইট (https://www.akcc.eshiksabd.com) এ পূরণকৃত ফরমের ০২ কপি, Payment Slip এর ০২ কপি এবং SSC ও HSC এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট একটি $A_4$ সাইজের খামে ভরে খামের ওপর শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল (অনলাইনে টাকা জমা দেওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত হবে), শিক্ষাবর্ষ- ২০২৪- ২০২৫ এবং শিক্ষার্থী ও পিতা/মাতার সচল মোবাইল নম্বর লিখে কলেজের সংশ্লিষ্ট বিভাগে ১৬/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।

৩। **১৬/০৭/২০২৫ খ্রি. তারিখের পরে কোন ফরম গ্রহণ করা হবেনা।**

৪। শিক্ষার্থী আযম খান সরকারি কমার্স কলেজে অথবা অন্য কোন কলেজে অনার্স/ডিগ্রী(পাস) কোর্সে বিগত ২০২৩ - ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি হয়ে থাকলে, তাকে অবশ্যই আগামী ০৩/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে ভর্তি বাতিল করে মূল নম্বর ফর্দ সংগ্রহ করতে হবে। অন্যথায় ২০২৪ -২০২৫ শিক্ষাবর্ষে কোনক্রমেই ভর্তি হওয়া যাবেনা।

** বিকাশ ও নগদে এর মাধ্যমে কলেজের সেশন চার্জ বাবদ মোট **৫১১০/- (পাঁচ হাজার একশত দশ টাকা)** পরিশোধ করতে মোবাইলে অতিরিক্ত **৬৫/-** টাকা রাখতে হবে।
** রকেট এর মাধ্যমে কলেজের সেশন চার্জ বাবদ মোট **৫১১০/- (পাঁচ হাজার একশত দশ টাকা)** পরিশোধ করতে মোবাইলে অতিরিক্ত **৫০/-** টাকা রাখতে হবে
** সোনালী ই-সেবার মাধ্যমে কলেজের সেশন চার্জ বাবদ মোট **৫১১০/- (পাঁচ হাজার একশত দশ টাকা)** পরিশোধ করতে মোবাইলে অতিরিক্ত **৫/-** টাকা রাখতে হবে

**ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে : জনাব মোঃ নাজমুল হোসেন, প্রভাষক, মার্কেটিং বিভাগ (০১৭৪৫৪৩৯৫৬০)**

৩০/৬/২৫
প্রফেসর মোঃ লুৎফর রহমান প্রধান
অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা

৩০/০৬/২৫
আহ্বায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২৪-২০২৫